

## ইসলামী ভাসিটিতে প্রশ্নপত্র ফাঁস : অনার্সের ভর্তি পরীক্ষা বাতিল

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা : ২৬ এপ্রিল।- ইসলামী বিশ্ব-  
বিদ্যালয়ের ১৯৯৪-৯৫ শিক্ষাবর্ষে স্নাতক  
(সম্মান) শ্রেণীর ঘ ইউনিটের ভর্তি  
(৫-এর পৃঃ ৫৪)

### ইসলামী ভাসিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ায় পরীক্ষা  
বাতিল করা হয়েছে। বাতিলকৃত পরীক্ষা  
আগামী ২৮ এপ্রিল বিকাল চারটায়  
অনুষ্ঠিত হবে।

আজ পরীক্ষার পূর্বমুহুর্তে ছাত্র সং-  
গঠনসমূহ ভর্তি পরীক্ষার প্রধান ইউনিট  
সমন্বয়কারীর নিকট ঘ ইউনিটের প্রশ্নপত্র  
ফাঁসের অভিযোগ করলে তিনি অভি-  
যোগকারীদের প্রশ্নপত্রের সঙ্গে মূল প্রশ্নের  
মিল দেখতে পান।

পরে ছাত্র সংগঠনসমূহ এবং  
ভর্তিচ্ছুরা পৃথক পৃথকভাবে ভর্তি পরীক্ষা  
বাতিলের দাবি জানিয়ে মিছিল, সমাবেশ  
ও সংবাদ সম্মেলন করে। সমাবেশে  
জাতীয়তাবাদী ছাত্রদল 'ঘ' ইউনিট  
সমন্বয়কারী এবং আরবি ভাষা ও  
সাহিত্য বিভাগের চেয়ারম্যানকে সমন্বয়-  
কারীর পদসহ বিশ্ববিদ্যালয়ের সকল  
দায়িত্ব থেকে অপসারণের দাবি জানায়।

অপরদিকে ছাত্রলীগ (শা-পা) ও  
ইসলামী ছাত্রশিবির প্রশ্নপত্র ফাঁসের  
ঘটনার জন্য প্রধান ইউনিট সমন্বয়কারী  
এবং মানবিক ও সমাজ বিজ্ঞান অন-  
ুষদের জিনের অপসারণ দাবি করে।

পরীক্ষার আগের দিন থেকে ভর্তিচ্ছু-  
দের মধ্যে প্রশ্নপত্র ফাঁসের কথা শোনা  
যায়। ফাঁস হওয়া প্রশ্নপত্র ক্যাম্পাস ও  
কুষ্টিয়া শহরে একশ থেকে এক হাজার  
টাকা পর্যন্ত বিক্রি হয়েছে বলে ভর্তিচ্ছুরা  
অভিযোগ করেছে। এদিকে ছাত্র সংগঠন-  
সমূহ তদন্ত কমিটি গঠনের মাধ্যমে  
অবিলম্বে ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের  
শাস্তির দাবি জানায়। কিন্তু বিশ্ববিদ্যালয়ে  
ভিসি না থাকায় কোন তদন্ত কমিটি  
গঠিত হয়নি বলে প্রধান ইউনিট  
সমন্বয়কারী জানান।